ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

রাউজান এসএমই/কৃষি শাখা, রফিক সেন্টার (১ম তলা), মুন্সীরঘাটা, রাউজান পৌরসভা, রাউজান, চট্টগ্রাম। ডাকঘরঃ রাউজান-৪৩৪০, থানাঃ রাউজান, জেলাঃ চট্টগ্রাম।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, রাউজান এসএমই/কৃষি শাখা, রাউজান, চট্টগ্রাম এর ঋন গ্রহিতা জনাব জিয়া উদ্দিন আহাম্মদ বাবলু, পিতাঃ মরহুম মোঃ আবু জাফর সওদাগর, মাতাঃ খোরশেদা বেগম, ঠিকানাঃ আবু আহাম্মদ বাড়ী, গ্রামঃ গহিরা, ডাকঘরঃ গহির-৪৩৪৩, রাউজান, চট্টগ্রাম । (১) স্বত্তাধিকারীঃ মেসার্স জিয়া ট্রেডার্স, ব্যবসায়িক ঠিকানাঃ মেসার্স জিয়া ট্রেডার্স, গহিরা মাদ্রাসা মার্কেট, গহিরা, রাউজান, চট্টগ্রাম । এবং স্থায়ী ও বর্তমান ঠিকানাঃ আবু আহাম্মদ বাড়ী, গ্রামঃ গহিরা, ডাকঘরঃ গহিরাঃ৪৩৪৩, রাউজান, চট্টগ্রাম কর্তৃক গৃহিত ০১ (এক) টি সিসি (হাইপো) এবং ০১ (এক)টি এস.এম.ই. আর.এস.টি.এল. ঋনের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা ঋন মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৮.২০২৩ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের সর্বমোট পাওনা মোট ১,৮০,২১,২২৪.৯৩ টাকা (এক কোটি আশি লক্ষ একুশ হাজার দুই শত চব্বিশ টাকা এবং তিরানব্বই পয়সা) মাত্র এবং অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণান্ধ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।।

The shedule of the Mortgaged Property. Shedule

District-Chittagong, PS- Raozan, Mouza- Gohira, R.S Khatian No-2208, B.S. Khatian No.864, Previous B.S. Mutation Khatian no-4480, Present Mutation Khatian no: 6612 & 5005, R.S plot no: 282, B.S. plot no 1910 located at Abu Hanif Khandakhar Road, Gohira, Raozan, Chattogram measuring area of Land 06.50 Decimals Land along with 03 (Three) storied residential building standing thereon and with all government taxes being paid for the same. As per recent field survey (Halparcha) & physical possession the area of land is of 06.50 Decimals to finalize at the time of Gazette Notification of the field survey (Halparcha) being butted & bound as under:

On the North: Md. Muksedur Rahman.

On the South: Azad Gong.

On the East: Road.

On the West: Md. Mahafuz.

নিলামের শর্তাবলী

- ১। আগামী ২৫.১০.২০২৩ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, রাউজান এসএমই/কৃষি শাখায় রক্ষিত বাব্যে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকার ব্যাংক ড্রাফট বা পে-ওর্ডার জামানত স্বরুপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, রাউজান এসএমই/কৃষি শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্মস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন / পৌরসভা, ওয়াসা, ডেসা, ডেস্কো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি পিএলসি, রাউজান এসএমই/কৃষি শাখা, রাউজান, চট্টগ্রাম ।